

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
রিজিওনাল প্ল্যানিং  
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.১৪

তারিখ: ৪ বৈশাখ ১৪২৫  
১৭ এপ্রিল ২০১৮

বিষয়: ঢাকা-খুলনা (এন-৮) যাত্রাবাড়ী ইন্টার সেকশন থেকে (ইকুরিয়া-বাবুাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত  
এবং পাঁচ র-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ৪-লেনে উন্নয়ন শীর্ষক প্রকল্প

সূত্র: তাঁর দপ্তরের স্মারক নং-৬০৯/প্রজেক্ট/এন-৮(ঢাকা জেলা), তারিখঃ ০৪/৪/২০১৮ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা-খুলনা (এন-৮) যাত্রাবাড়ী ইন্টার সেকশন থেকে (ইকুরিয়া-বাবুাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ৪-লেনে উন্নয়ন শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের আওতায় ঢাকা জেলাধীন মোট ২৫.৪৭৯৭ একর জমি নগর উন্নয়ন অধিদপ্তরের স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.২৩.২০৭.১৭.১২৫৮, তারিখঃ ১১/০৬/২০১৭ ইং এর মাধ্যমে অনাপত্তিপত্র প্রদান করা হয়। ইতোপূর্বে আবেদিত পত্রে ৩২৮০, ৩২৮১ ও ৩২৭০ (আংশিক) দাগসমূহ অন্তর্ভুক্ত না থাকায় রাস্তার Alignment সঠিক না হওয়ায় বর্তমানে উপরোক্ত সূত্রের মাধ্যমে ৩০৭০ ও ৩০৭১ (পূর্ণ), ৩০৭৮ ও ৩০৭৯ (আংশিক) দাগের পরিবর্তে উক্ত সংশোধিত দাগে ০.৩৮৯৪ একর ভূমি অধিগ্রহণের নিমিত্তে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্রের জন্য অনুরোধ করা হয়। সংশোধিত দাগ নিম্নরূপঃ

মৌজার নাম	পূর্ববর্তী দাগ নম্বর	মোট জমির পরিমাণ	সংশোধিত দাগ নম্বর	মোট জমির পরিমাণ
বাঁঘের, জে এল ৮৭, সিট নং-২	৩০৭০ ও ৩০৭১ (পূর্ণ), ৩০৭৮ ও ৩০৭৯ (আংশিক)	০.৩৮৯৪ একর	৩২৮০, ৩২৮১ ও ৩২৭০ (আংশিক)	০.৩৮৯৪ একর

অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের জন্য অত্র দপ্তরে প্রেরণকৃত তথ্য ও উপাত্ত যাচাই করে দেখা যায় রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের Detailed Area Plan (DAP) এর তথ্য ও উপাত্ত অনুযায়ী বাঁঘের (জে এল ৮৭, সিট নং ০২) মৌজার ৩২৮১ দাগ নম্বর এর ব্যবহার Waterbody এবং ৩২৮০ ও ৩২৭০ দাগ নম্বর এর ব্যবহার প্রস্তাবিত রাস্তা এবং Urban Residential Zone হিসেবে চিহ্নিত রয়েছে।

এলাকাটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকৃত এলাকায় দাগ নম্বর ৩২৮০ ও ৩২৮১ তে একটি সেমি পাকা মসজিদ রয়েছে। এছাড়াও কিছু পাকা স্থাপনা রয়েছে।

এমতাবস্থায় প্রস্তাবিত এলাকাটি জনস্বার্থে ব্যবহার হবে বিধায় বাঁঘের (জে এল ৮৭, সিট নং ০২) মৌজার মসজিদ সম্পর্কিত বিধি বিধান সাপেক্ষে ৩০৭০ ও ৩০৭১ (পূর্ণ), ৩০৭৮ ও ৩০৭৯ (আংশিক) দাগের পরিবর্তে ৩২৮০, ৩২৮১ ও ৩২৭০ (আংশিক) দাগ নম্বরের জমি অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাই।

সংযুক্তি সমূহঃ

১. ড্যাপ এর প্রস্তাবনার উপর প্রস্তাবিত অধিগ্রহণের জমি চিহ্নিত ম্যাপ।
২. ড্যাপ এর প্রস্তাবনার উপর প্রস্তাবিত অধিগ্রহণের জমির ফিল্ড সার্ভে ম্যাপ।

১৭-৪-২০১৮

কাজী মোঃ ফজলুল হক  
সিনিয়র প্ল্যানার

প্রকল্প পরিচালক, ঢাকা-খুলনা (এন-৮) যাত্রাবাড়ী-মাওয়া এবং পাঁচর-ভাংগা সড়ক উন্নয়ন প্রকল্প, ১৭ ইসিবি।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.১৪/১(৩)

তারিখ: ৪ বৈশাখ ১৪২৫  
১৭ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর

৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

*Israt Jahan*

১৭-৪-২০১৮

ইসরাত জাহান

প্ল্যানার